বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 16 AUG 1989
পৃষ্ঠা ১ কলাম ২

দৈনিক খবর

# নকলের বিরুদ্ধে লড়াই করার এখনই সময়
## —ফার্স্ট লেডি

ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদ গতকাল মঙ্গলবার পরীক্ষায় নকলের বিরুদ্ধে সোচ্চার এবং এই সামাজিক ব্যাধির বিরুদ্ধে শক্তিশালী জনমত গড়ে তুলতে সাহায্য করার জন্য মেধাবী ছাত্রদের প্রতি আহবান জানান।

বাসস জানায়, ফার্স্ট লেডি দেশের চারটি বোর্ডে ১৯৮৯ সালে অনুষ্ঠিত মাধ্যমিক পরীক্ষায় শীর্ষস্থান অধিকারী ছাত্রদের সম্মানে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত এক সম্বর্ধনায় প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন। ঢাকায় ওসমানী মিলনায়তনে গতকাল সকালে এ সম্বর্ধনা অনুষ্ঠিত হয়।

# নকলের বিরুদ্ধে

প্রথম পৃষ্ঠার পর

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সভাপতিত্বে এ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শিক্ষা প্রতিমন্ত্রী নিতাই রায় চৌধুরী, শিক্ষা সচিব হেদায়েত আহমেদ এবং দু'জন কৃতী ছাত্র মোস্তফা মোহাম্মদ রিয়াদ ও তৌহিদা খাতুন।

বেগম এরশাদ বলেন যে, পরীক্ষার হলে নকল দেশের শিক্ষার পরিবেশকে কলূষিত করেছে। তিনি বলেন, আমাদের বংশধরদের রক্ষা করার জন্য এ ব্যাধির বিরুদ্ধে লড়াই করার এখনই হচ্ছে উপযুক্তসময়।

ফার্স্ট লেডি ছাত্রদের প্রতি রাজনীতিতে জড়িত না হয়ে, জ্ঞান অন্বেষায় তাদের সময় ব্যয় করার আহবান জানান। তিনি বলেন, তোমরা হচ্ছো জাতির দর্পণ, তোমাদের ওপরই দেশের ভবিষ্যৎ নির্ভর করছে।'

দেশের মাদকাসক্তের কথা উল্লেখ করে ফার্স্ট লেডি বলেন, ব্যাপক যুবশক্তিকে মাদকের অভিশাপ থেকে রক্ষা করার জন্য আমাদেরকে অবশ্যই আন্তরিক প্রয়াস নেয়া উচিৎ।

এ অনুষ্ঠানে সরকারী সঙ্গীত মহাবিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা সমবেত সঙ্গীত পরিবেশন করে।

ফার্স্ট লেডি পরে ছাত্রদের মাঝে পুরস্কার বিতরণ করেন।

### রাবেয়ার জন্যে স্মরণীয় মুহূর্ত

অপর এক খবরে বাসস জানায়, ফার্স্ট লেডি বেগম রওশন এরশাদ গতকাল মঙ্গলবার ওসমানী মেমোরিয়াল হলে মেধা পুরস্কার প্রদানের সময় রাবেয়া নামের একটি মেধাবী ছাত্রীকে তার লেখাপড়ার জন্য সম্ভাব্য সকল প্রকার সাহায্যের আশ্বাস দেন। রাবেয়ার জন্যে এটি ছিল একটি স্মরণীয় মুহূর্ত।